# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪০৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - নফল সালাতে জামা'আত করা বৈধ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: صَلَّى مُعَاذٌ بِأَصْحَابِهِ الْعِشَاءَ, فَطَوَّلَ عَلَيْهِمْ, فَقَالَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ «أَتُرِيدُ أَنْ تَكُونَ يَا مُعَاذُ فَتَّانًا؟ إِذَا أَمَمْتَ النَّاسَ فَاقْرَأْ: بِـ (الشَّمْسِ وَضُحَاهَا) , وَ (سَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى) , وَ (اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ) , (وَاللَّيْلِ إِذَا يَغْشَى)». مُتَّفَقٌ عَلَيْهِ, وَاللَّفْظُ لِمُسْلِمٍ

صحيح. رواه البخاري (705)، ومسلم (465) (179)
وفي مسند الشافعي: عَنْ جَابِرٍ قَالَ: كَانَ مُعَاذٌ يُصَلِّي مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعِشَاءَ ثُمَّ يَنْطَلِقُ إِلَى قَوْمِهِ فَيُصَلِّيهَا، هِيَ لَهُ تَطَوُّعٌ، وَهِيَ لَهُمْ مَكْتُوبَةٌ الْعِشَاءُ. (1/ 308: (304)

বাংলা

৪০৮. জাবির বিন 'আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন,- সাহাবী মু'আয (রাঃ) তাঁর অধীনস্থ লোকেদের নিয়ে 'ইশা সালাত আদায় করলেন এবং ঐ সালাত তাদের পক্ষে খুব দীর্ঘ (কষ্টকর) হয়ে গেল। ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (এটা জানতে পেরে) তাঁকে বললেনঃ হে মু'আয! তুমি কি ফিতনাহ সৃষ্টি করতে চাও? যখন তুমি লোকেদের ইমামতি করবে তখন ওয়াশশামসি ওয়াযুহা'হা; সাব্বিহিসমা রব্বিকাল আ'লা, ইকরা' বিসমি রব্বিকা ও ওয়াললাইলি ইযা ইয়াগশা (সূরাগুলো) পাঠ করবে। শব্দ বিন্যাস মুসলিমের।[1]

ফুটনোট

[1] বুখারী ৭০৫, ৬১০, মুসলিম ৪৬৫, , নাসায়ী ৮৩৫, আবূ দাউদ ৭৯০, ইবনু মাজাহ ৮৩৬, ৯৮৬, ইবনু মাজাহ ১৩৭৭৮, ১৩৮৯৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70219

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন